# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ভাল কাজের মাধ্যমে আল্লাহর দিকে এক বিঘত বা এক হাত এগিয়ে যায়, তবে আল্লাহর ক্ষমা ও উপায়-উপকরণ সেই ব্যক্তির দুই হাত নিকটবর্তী হয়ে যায়

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ مَنْ تَقَرَّبَ إِلَى اللَّهِ قَدْرَ شِبْرٍ أَوْ ذِرَاعٍ بِالطَّاعَةِ كَانَتِ الْوَسَائِلُ وَالْمَغْفِرَةُ أَقْرَبُ مِنْهُ بِبَاعٍ

আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ الْحَسَنِ بْنِ الْمِنْهَالِ ابْنِ أَخِي الْحَجَّاجِ بْنِ الْمِنْهَالِ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنِ الْأَغَرِّ أَبِي مُسْلِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا يَحْكِي عَنِ اللَّهِ جَلَّ وَعَلَا قَالَ: (الْكِبْرِيَاءُ رِدَائِي وَالْعَظَمَةُ إِزَارِي فَمَنْ نَازَعَنِي فِي وَاحِدَةٍ مِنْهُمَا قَذَفْتُهُ فِي النَّارِ وَمَنِ اقْتَرَبَ إِلَيَّ شِبْرًا اقتربتُ مِنْهُ ذِرَاعًا وَمَنِ اقْتَرَبَ مِنِّي ذِرَاعًا اقْتَرَبْتُ مِنْهُ بَاعًا وَمَنْ جَاءَنِي يَمْشِي جِئْتُهُ أُهَرْوِلُ وَمَنْ جَاءَنِي يُهَرْوِلُ جِئْتُهُ أَسْعَى وَمَنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي وَمَنْ ذَكَرَنِي فِي ملإٍ ذَكَرْتُهُ فِي ملإٍ أَكْثَرَ مِنْهُمْ وَأَطْيَبَ.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 328 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩২৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি মহান আল্লাহ থেকে বর্ণনা করেছেন, মহান আল্লাহ বলেন: “অহংকার আমার চাদর আর মহানত্ব আমার লুঙ্গী। যে ব্যক্তি এর কোন একটি নিয়ে টানাটানি করবে, তাকে আমি জাহান্নামে নিক্ষেপ করবো। আর যে ব্যক্তি আমার দিকে আমার দিকে এক বিঘত এগিয়ে আসবে, আমি তার দিকে এক হাত এগিয়ে আসবো, যে আমার দিকে এক হাত এগিয়ে আসবে, আমি তার দিকে দুই হাত এগিয়ে আসবো, যে আমার দিকে হেঁটে আসবে, আমি তার দিকে জোর কদমে এগিয়ে যাবো, যে আমার দিকে জোর কদমে এগিয়ে আসবে, আমি তার দিকে

দৌঁড়ে যাবো। যে ব্যক্তি আমাকে মনে মনে স্মরণ করবে, আমি ও তাকে মনে মনে স্মরণ করবো আর যে ব্যক্তি আমাকে জনসভায় স্মরণ করবে, আমিও তাকে এমন সভায় স্মরণ করবো, যারা তার সভার লোকের চেয়ে সংখ্যায় অনেক বেশি ও পুতঃপবিত্র হবে।”[1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৩৮৭; আবু দাউদ: ৪০৯০; মুসান্নাফ ইবনু আবী শাইবাহ: ৯/৮৯; হুমাইদী: ১১৪৯; মুসনাদ আহমাদ: ২/২৪৮; ইবনু মাজাহ: ৪১৭৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88627

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন